

কর্মফল

বিশাল হস্তী দুরন্ত
যদি হয় ঘুমন্ত
আলসে হোলেই ক্লান্ত হয়
সদাই তখন শ্রান্ত দেখায় !

মৌমাছি অবিরত
কর্মোদ্যগী কর্মরত
একটু একটু প্রতিক্ষণ
সময়ের আগেই সমাপন !

নিজের উপর ভরষায়
ব্যয়িত হোক এই সময়
স্বাস্থ্যে শিক্ষায় আশ্রয়
ভাগ্য গড়েন ভাগ্যবান !

সূক্ষ্ম বিচার বিধাতার
সুকৃতির ফলভার
পাবেই পাবে যজমান
কৃপণ নহেন ভগবান !